রেজিষ্ট্রি ডাকযোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.coop.gov.bd

নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০৩১.২৫জি (বিমা-১৮/২০২৫) ৮২৭-৩/৩

তারিখ: ২৮ বৈশাখ ১৪৩৩ / ১১ মে ২০২৬

**অফিস আদেশ**

যেহেতু জনাব রওশন আরা, উপজেলা সমবায় কর্মকর্তা, নবাবগঞ্জ, ঢাকা এর বিরুদ্ধে যথাক্রমে ০৪ (চার) টি অভিযোগ হলো: (১) বিগত ২৪.১০.২০২৪ তারিখ হতে অদ্যাবধি উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত আছেন; (২) কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কোথায় রয়েছেন সে বিষয়ে দপ্তর অবহিত নয়; (৩) তাঁকে জেলা সমবায় কার্যালয়, ঢাকা হতে ১৭.১১.২০২৪, ০৩.১২.২০২৪, ০৮.১২.২০২৪ এবং ০৯.১২.২০২৪ তারিখে ব্যাখ্যা তলব করা হলেও তিনি জবাব প্রদান করেন নি। মুঠোফোনে যোগাযোগ করা হলেও তাঁর কোনো খোঁজ পাওয়া যায় নি; (৪) তাঁকে ১৭.১২.২০২৪ তারিখ মোড়েলগঞ্জ, বাগেরহাট বদলি করা হলেও তিনি কর্মস্থলে যোগদান করেন নি; সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২ (খ) অসদাচরণ (অ) উর্ধ্বতন কর্মকর্তার আইনসঙ্গত আদেশ অমান্যকরণ এবং (ই) আইনসঙ্গত কারণ ব্যতিরেকে সরকারের কোন আদেশ, পরিপত্র এবং নির্দেশ অবজ্ঞাকরণ অনুযায়ী ৩ (খ) মোতাবেক অসদাচরণ এবং ২ (চ) পলায়ন (desertion) অনুযায়ী ৩ (গ)মোতাবেক পলায়ন (desertion) এর দায়ে দোষী; বর্ণিত ০৪টি অভিযোগে সমবায় অধিদপ্তরের স্মারক নং ৪৭.৬১.০০০০.০০৪.১৮.৪২২/০৩ পি -৮৪৭(৪)-এ/ও, তারিখ: ২২.০৫.২০২৫ মূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক অসদাচরণ এবং পলায়ন (desertion) এর অভিযোগে ১৮/২০২৫ নং বিভাগীয় মামলা রুজু করে ১০ (দশ) কর্মদিবসের মধ্যে উহার সন্তোষজনক জবাব দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হয়। উক্ত কারণ দর্শানোর নোটিশ জি.ই.পি যোগে তাঁর স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণ করা হলেও প্রাপক ঠিকানা ছেড়ে চলে যাওয়াতে নোটিশ ফেরত আসে;

০২। যেহেতু তিনি জনাব রওশন আরা, উপজেলা সমবায় কর্মকর্তা, নবাবগঞ্জ, ঢাকা ১ম কারণ দর্শানোর লিখিত জবাব দাখিল করেন নি।

০৩। যেহেতু বিভাগীয় মামলায় বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য স্মারক নং ১২৪১(৬)-এ/ও, তারিখ: ৩১.০৮.২০২৫ মূলে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; তদন্ত কর্মকর্তা স্মারক নং ৬৪, তারিখ: ২৭.১০.২০২৫ মূলে তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

০৪। যেহেতু তাঁর বিরুদ্ধে আনীত পলায়ন (desertion) এর অভিযোগ তদন্তে প্রমাণিত হয়েছে।

০৫। যেহেতু তাঁকে সমবায় অধিদপ্তরের স্মারক নং ৪৭.৬১.০০০০.০০৪.০৩১.২০২৫জি-১৫৫৭(৫)-এ/ও ,তারিখ: ১৬.১১.২০২৫ মূলে ২য় কারণ দর্শানোর নোটিশ জারি পূর্বক ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে উহার সন্তোষজনক জবাব দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে তিনি ২২.১১.২০২৫ তারিখে যুক্তরাজ্য হতে রেজিষ্ট্রি ডাকযোগে ও ই-মেইলে ২য় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন;

০৬। যেহেতু তাঁর ২য় কারণ দর্শানোর নোটিশের জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় স্মারক নং ৪৭.৬১.০০০০.০০৪.০৩১.২০২৫ জি- (বিমা ১৮/২০২৫)-৪৩৮(৫)-এ/ও, তারিখ: ০৮.০৩.২০২৬ মূলে তাঁকে ০৫.০৪.২০২৬ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণের নোটিশ জারি করা হয়। তৎপ্রেক্ষিতে তিনি ২৭.০৩.২০২৬ তারিখে বিভাগীয় মামলার ব্যক্তিগত শুনানিতে উপস্থিত হওয়া থেকে সাময়িকভাবে ০৬ (ছয়) মাসের অব্যাহতি প্রদান করার জন্য অনুরোধ করেন। যা নামঞ্জুর করা হয়;

০৭। যেহেতু অভিযোগনামা, অভিযোগ বিবরণী, অভিযুক্ত কর্মচারীর সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২ (খ) অসদাচরণ (অ) উর্ধ্বতন কর্মকর্তার আইনসঙ্গত আদেশ অমান্যকরণ এবং (ই) আইনসঙ্গত কারণ ব্যতিরেকে সরকারের কোন আদেশ, পরিপত্র এবং নির্দেশ অবজ্ঞাকরণ অনুযায়ী ৩ (খ) মোতাবেক অসদাচরণ এবং ২ (চ) পলায়ন (desertion) অনুযায়ী ৩ (গ)মোতাবেক পলায়ন (desertion) এর অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় এবং অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনায় একই বিধিমালার ৪ (৩) (ঘ) বিধি অনুসরণে তাঁকে সরকারি চাকরি হতে বরখাস্ত দন্ড আরোপ করাই সমীচীন বলে প্রতীয়মান হয়;

সেহেতু জনাব রওশন আরা, উপজেলা সমবায় কর্মকর্তা, নবাবগঞ্জ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) মোতাবেক অসদাচরণ এবং ৩ (গ) বিধিমতে পলায়ন (desertion) এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪ (৩) (ঘ) বিধানমতে সরকারি চাকরি হতে বরখাস্ত করা হলো। সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৫১(৩) ধারা তাঁর বিরুদ্ধে প্রযোজ্য হবে। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৭ নং বিধিতে বর্ণিত নিয়মাবলী ও পদ্ধতি অনুসরণ পূর্বক এ আদেশ প্রদান করা হলো এবং ২৪.১০.২০২৪ তারিখ থেকে কার্যকর হবে।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(মো: সেলিম ফকির, এনডিসি)
নিবন্ধক ও মহাপরিচালক
ফোন: ০২-৪৮১১৯৩৬৫
E-mail: reg.dg@coop.gov.bd

জনাব রওশন আরা
উপজেলা সমবায় অফিসার
নবাবগঞ্জ, ঢাকা।
E-mail-roushanara2895@gmail.com

**স্থায়ী ঠিকানাঃ**

জনাব রওশন আরা
পিতা: মোহাম্মদ আব্দুর রহিম সরকার
৬ নং জিন্দাবাহার ১ম লেন, ঢাকা-১১০০।

D:\Admin\Document\মামলা অব্যাহতি শুনানি গ্রহণ.docx /P-55

নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০৩১.২৫জি (বিমা-১৮/২০২৫) ৮১৭/১(১০)-৬/৩ তারিখ: ২৮ বৈশাখ ১৪৩৩ / ১১ মে ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর, ঢাকা।
২. যুগ্মনিবন্ধক,বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা।
৩. জেলা সমবায় অফিসার, ঢাকা।
৪. জেলা হিসাব রক্ষণ অফিসার, ঢাকা।
৫. সহকারী প্রোগ্রামার (এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা। তাঁকে জারিকৃত আদেশ সমবায় অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৬. উপজেলা সমবায় অফিসার, নবাবগঞ্জ, ঢাকা।
৭. জনাব রওশন আরা, উপজেলা সমবায় কর্মকর্তা, নবাবগঞ্জ, ঢাকা।
৮. নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, সমবায় অধিদপ্তর, ঢাকা (নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. সংশ্লিষ্ট নথি।

১১/০৫/২০২৬
(মোহাম্মদ সফিকুল ইসলাম)
উপনিবন্ধক (প্রশাসন)
সমবায় অধিদপ্তর, ঢাকা।